গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
নাচোল, চাঁপাইনবাবগঞ্জ

# উপজেলা রোগী কল্যাণ সমিতি'র সভার কার্যবিবরণী:

সভাপতি ঃ জনাব ডাঃ মোঃ আব্দুল হামিদ
উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা
নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।
তারিখ ঃ ২৩/০৭/২০২৫ খ্রি:
সময় ঃ সকাল ১১.৪৫ টা।
স্থান ঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জের অফিস কক্ষ।

**উপস্থিতি ঃ পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।**

সভার শুরুতে সভাপতি মহোদয় সম্মানিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর তিনি আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা করার জন্য সমাজসেবা অফিসার কে অনুরোধ করেন।

**০১। গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ঃ**

গত সভার কার্যবিবরণী পাঠান্তে কোন সংশোধনী না থাকায় তা অনুমোদিত হয়।

০২। **২০২৪-২৫ অর্থ বছরের ব্যয় অনুমোদন বিষয়ে আলোচনা:**

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে অত্র কমিটির সদস্য সচিব জানান যে 'উপজেলা রোগী কল্যাণ সমিতি' নাচোল চাঁপাইনবাবগঞ্জ এর বিগত ০১/০৭/২০২৪ খ্রিঃ হতে ৩০/০৬/২৫ খ্রিঃ পর্যন্ত ৯১ (একানব্বই) জন রোগীর জন্য ঔষধ বাবদ ২,৪৯,৭৭৮/- (দুই লক্ষ উনপঞ্চাশ হাজার সাত শত আঠাত্তর) টাকা এবং এ্যাম্বুলেন্স ভাড়া বাবদ ২৫ (পঁচিশ) জন রোগীর জন্য ৩৯,০০০/-(উনচল্লিশ হাজার ) টাকা =মোট ২৮৮,৭৭৮/- ( দুই লক্ষ আটাশি হাজার সাতশত আঠাত্তর) টাকা ব্যয় করা হয়েছে। কমিটির সদস্য সচিব সভায় রোগী/অভিভাবকগণের আবেদন ও ব্যয় বিবরণী উপস্থাপন করেন। তিনি সভায় জানান যে ব্যয়সমূহ অনুমোদন করা প্রয়োজন।

**সিদ্ধান্ত ঃ** উপর্যুক্ত বিষয় নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে বিগত ০১/০৭/২০২৪ খ্রিঃ হতে ৩০/০৬/২৫ খ্রিঃ পর্যন্ত ৯১ (একানব্বই) জন রোগীর জন্য ঔষধ বাবদ ২,৪৯,৭৭৮/- (দুই লক্ষ উনপঞ্চাশ হাজার সাত শত আঠাত্তর) টাকা এবং এ্যাম্বুলেন্স ভাড়া বাবদ ২৫ (পঁচিশ) জন রোগীর জন্য ৩৯,০০০/-(উনচল্লিশ হাজার ) টাকা = মোট ২৮৮,৭৭৮/- ( দুই লক্ষ আটাশি হাজার সাতশত আঠাত্তর)) টাকা ব্যয়সমূহ সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সম্মানিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

জনাব ডাঃ মোঃ আব্দুল হামিদ
উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা
ও
সভাপতি
উপজেলা রোগী কল্যাণ সমিতি
নাচোল, চাঁপাইনবাবগঞ্জ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
নাচোল, চাঁপাইনবাবগঞ্জ

স্মারক নং-৪১.০১.৭০৫৬.০০০.১৬.০০২.২২. ২৭৯ তারিখ: ২৩ জুলাই/২০২৫ খ্রি:

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

০১। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ।
০২। জনাব.............................. নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
০৩। অফিস কপি।

২৩.০৭.২৫
উপজেলা সমাজসেবা কর্মকর্তা
ও
সদস্য সচিব
উপজেলা রোগী কল্যাণ সমিতি
নাচোল, চাঁপাইনবাবগঞ্জ